

# আজ থেকে ৪০ দিনের ছুটিতে শিক্ষাপ্রতিষ্ঠান

অনলাইন ডেস্ক

০২ মার্চ, ২০২৫ ১০:০৪

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

পবিত্র রমজান, ঈদুল ফিতরসহ কয়েকটি গুরুত্বপূর্ণ ছুটিসহ প্রায় ৪০ দিন বন্ধ থাকবে শিক্ষাপ্রতিষ্ঠান। আজ রবিবার থেকে শুরু হচ্ছে এ ছুটি। সরকারি ও বেসরকারি সব স্তরের স্কুলে ৮ এপ্রিল পর্যন্ত চলবে এ ছুটি।

আরো পড়ুন



## চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ আজ

শিক্ষাপঞ্জি অনুসারে, রমজান মাস, শুভ দোলযাত্রা, স্বাধীনতা দিবস, জুমাতুল বিদা, শবে কদর এবং ঈদুল ফিতরের ছুটি মিলিয়ে ২ মার্চ থেকে ৮ এপ্রিল পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বন্ধ থাকবে।

২৮ ফেব্রুয়ারি এবং ১ মার্চ শুক্র ও শনিবারের ছুটি থাকায় সর্বশেষ ক্লাস অনুষ্ঠিত হয়েছিল ২৭ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার)। অর্থাৎ, শিক্ষাপ্রতিষ্ঠানগুলো মোট ৪০ দিন বন্ধ থাকবে।

এ ছাড়া ১০ এপ্রিল থেকে শুরু হবে এসএসসি ও সমমানের পরীক্ষা, তাই যেসব শিক্ষাপ্রতিষ্ঠানে পরীক্ষা কেন্দ্র রয়েছে, সেগুলোর জন্য ছুটি আরো দীর্ঘ হবে।

